

সুবিধাবঞ্চিত নারীদের মাঝে দক্ষতা বৃদ্ধিমূলক ভাসা ফাউন্ডেশনের ৩ মাসব্যাপী প্রশিক্ষণ শুরু

📍 newsgarden24.com 🕒 ০৭:৩৪ পিএম, ২০২২-০৯-২৬ 📄 48



নিউজগার্ডেন ডেস্ক: বেসরকারি উন্নয়ন সংস্থা ভোলান্টারি এন্টিভিটিজ ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সম্যান্ট (ভাসা) ফাউন্ডেশনের আয়োজনে সুবিধাবঞ্চিত নারীদের মাঝে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। তিন মাসব্যাপী এই প্রশিক্ষণ কার্যক্রম শনিবার (২৪ সেপ্টেম্বর) বিকেলে নগরীর ডবলমুরিং ধানাবীন দেওয়ানহাটের মনসুরাবাদ এলাকায় উদ্বোধন করা হয়।

সংগঠনটি ট্রেনিং ফর স্কিল ডেভেলপমেন্ট (টিএসডি) প্রশিক্ষণ কর্মসূচির আওতার বিনামূল্যে সুবিধাবঞ্চিত ও দরিদ্র নারীদের দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা গড়ার লক্ষ্যে স্বল্প মেয়াদী বিভিন্ন রকম ভোকেশনাল প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রতিষ্ঠানটি ২০০৫ সাল থেকে এপর্যন্ত ৩ হাজারের অধিক নারীকে এই প্রশিক্ষণের আওতার সেলাই, এমব্রয়ডারি, ব্লক, বাটিক,

কারচুপি প্রভৃতি কাজের উপর প্রশিক্ষণ প্রদান করেছে। চলমান এই কর্মসূচির আওতায় ৯৬০০ জন সুবিধাবঞ্চিত নারীকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে। বর্তমানে এই কর্মসূচির আওতায় চট্টগ্রামের পাহাড়তলী, সীতাকুন্ড, কুমিরা, খুলশী, হালিশহর ও বন্দর এলাকায় প্রশিক্ষণ চলছে।

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনটির প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল। তিনি বলেন, বর্তমান সময়ে নারীর আর্থিক ক্ষমতায়নের কোন বিকল্প নেই। তাই ক্ষমতায়নের জন্য নারীদের সক্ষমতা বৃদ্ধি করে দক্ষ করে গড়ে তুলে আত্মকর্মসংস্থানে নিজেদেরকে নিয়োজিত করার লক্ষ্যে ভাসা ফাউন্ডেশন এই উদ্যোগ গ্রহণ করেছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাজেদা তসলিম, রাজু চৌধুরী, সুদীপ্তা মজুমদার, বিজয় পাল, রেজাউল করিম, নাজমুল হুদা, জাম্মাতুল ফেরদৌস, দিলুয়ারা, তানিয়া, মো. মানিক, মিঠুন দাশ প্রমুখ। এলাকায় এই কর্মসূচি চালু করার জন্য এলাকাবাসী এনজিও সংস্থা ভাসা ফাউন্ডেশনের প্রতি কৃতজ্ঞতা জানায়। এলাকার আত্মসামাজিক উন্নয়নে এই প্রশিক্ষণ ভূমিকা রাখবে বলে তারা মনে করেন।